ইন্টার মিয়ামি ও আল আহলির ম্যাচ দিয়ে ভোরে পর্দা উঠছে ফিফা ক্লাব বিশ্বকাপের



ফিফা ক্লাব বিশ্বকাপ

লিওনেল মেসির ইন্টার মায়ামি ও আল আহলির ম্যাচ দিয়ে আগামীকাল ভোরে পর্দা উঠছে ক্লাব বিশ্বকাপের। প্রতিবারের মতো নাম একই হলেও অন্য যেকোনো আসরের থেকে ভিন্ন এবারের ক্লাব বিশ্বকাপ। বড় পরিসরে অনুষ্ঠিত হতে যাওয়া এবারের আসরে খেলবেন প্রতিটি মহাদেশের বড়বড় সব ক্লাব এবং বিশ্বসেরা সব তারকা।

আগামীকাল ভোরে শুরু হয়ে ১৩ জুলাই পর্যন্ত চলবে এই টুর্নামেন্ট। যুক্তরাষ্ট্রের ১১টি শহরের ১২টি স্টেডিয়ামে হবে এইবারের ক্লাব বিশ্বকাপের ম্যাচগুলো। ফিফা বিশ্বকাপের আদলে হবে গ্রুপপর্ব ও নকআউট রাউন্ড। আগের ২০টি আসরে ৬/৭ দল নিয়ে হওয়া এইবারের ক্লাব বিশ্বকাপে অংশ নিচ্ছে ৩২টি দল। এক গ্রুপে ৪টি করে ৮টি গ্রুপে ভাগ হয়ে খেলবে ছয় মহাদেশের সেরা ক্লাবগুলো।এইবারের আসরের বিজয়ী দল প্রাইজমানি হিসেবে পাবে ১ বিলিয়ন ডলার! সাথে থাকছে বিশ্বের সেরা ক্লাবের তকমা। পরবর্তী ক্লাব বিশ্বকাপ পর্যন্ত সেরা ক্লাবের বেজ নিজেদের জার্সিতে ধারণ করতে পারবে চ্যাম্পিয়ন দল। ক্লাব ফুটবলের সবচেয়ে বড় আসরকে সামনে রেখে নিজেদের জার্সি উন্মোচন করেছে রিয়াল মাদ্রিদ, পিএসজি,ইন্টার মিলান, চেলসির মতো বড় ক্লাবগুলো।

কয়েক বছর আগে ফিফার সাবেক প্রেসিডেন্ট সেপ ব্লাটার ক্লাব বিশ্বকাপকে একটি ভুল পরিকল্পনা বলে আখ্যা দিয়েছিলেন, অথচ সেই ক্লাব বিশ্বকাপ এখন কোটি টাকার টুর্নামেন্ট। বিশেষজ্ঞদের মতে ফিফার বর্তমান প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো নিজের রাজনৈতিক প্রভাব বাড়াতে এবং বিপুল রাজস্ব আয়ের উৎস হিসেবেই আই টুর্নামেন্ট আয়োজন করছেন। তবে সব আলোচনা-সমালোচনা পাশে রেখে পৃথিবীর সকল ক্রীড়াপ্রেমীরা এতদিন অপেক্ষা করে ছিল এই টুর্নামেন্টের,তাদের সকল অপেক্ষার অবসান হচ্ছে আগামীকাল।